ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

বিষয়ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় বিদ্যমান ওভারহেড ক্যাবল সমূহ পরিকল্পিতভাবে মাটির নিচে স্থানান্তরের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| সভার তারিখ ও সময় | : | ৬ই জানুয়ারি ২০২১, বিকাল: ০৩.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ, লেভেল-৮, প্রধান কার্যালয়, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, গুলশান-২, ঢাকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট – ক |

আলোচনাঃ

সভায় উপস্থিত সুধীবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, ঢাকা মহানগরীর ঝুলন্ত তার অপসারণের বিষয়ে বিগত ১৫ই ডিসেম্বর, ২০২০ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর মূখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ঝুলন্ত তার অপসারণে দ্রুত কার্যকরী উদ্যোগ গ্রহণের জন্য মূখ্যসচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। উক্ত সভার ধারাবাহিকতায় বিগত ২০শে ডিসেম্বর, ২০২০ এবং ২৭শে ডিসেম্বর, ২০২০ তারিখে দুইটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভায় উপস্থাপনের জন্য তিনি অনুরোধ করেন।

প্রধান প্রকৌশলী আলোচনায় অংশ নিয়ে বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র মহোদয় ঢাকা নগরীকে Clean City, Green City করার বিষয়ে অঙ্গীকারাবদ্ধ। ঢাকা শহরকে Clean City, Green City করার বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন মাননীয় মেয়র ইতোমধ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। উক্ত পদক্ষেপের মধ্যে ঝুলন্ত তার অপসারণ একটি। ঝুলন্ত তার অপসারনের বিষয়ে ইতোমধ্যে বেশ কিছু সভা অনুষ্ঠিত হয়। সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে ক্রমানুসারে আলোচনার জন্য নির্বাহী প্রকৌশলী (টিইসি) কে নির্দেশনা প্রদান করেন।

নির্বাহী প্রকৌশলী (টিইসি) বলেন, বিগত ২৭শে ডিসেম্বর ২০২০ তারিখের সভায় ৩১শে ডিসেম্বর ২০২০ তারিখের ভিতর কামাল আতার্তুক এভিনিউ, মাদানী এভিনিউ, শ্যামলী রিং রোড সড়কের উভয় পার্শ্বের ঝুলন্ত তাঁর অপসারণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে দৃশ্যমান হয় যে, কামাল আতার্তক এভিনিউ এবং মাদানী এভিনিউ সড়কের সকল ঝুলন্ত তার ইতোমধ্যে ISPAB এবং COAB কর্তৃক অপসারণ করা হয়েছে। কিন্তু শ্যামলী রিং রোডের ঝুলন্ত তার অদ্যবধি অপসারণ করা হয় নি।

ISPAB এর প্রতিনিধি বলেন, ISPAB নিজস্ব ব্যবস্থাপনায় এবং ডিএনসিসি'র সহযোগিতায় ইতোমধ্যে কামাল আতার্তক এভিনিউ এবং মাদানী এভিনিউর উভয় পার্শ্বের ঝুলন্ত তার অপসারণ কাজ বাস্তবায়ন করেছেন। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে মাঠ পর্যায়ে ঝুলন্ত তার অপসারণ কাজ বাস্তবায়নের সময় NTTN অপারেটরদের সাশ্রয়ী মূল্যে পর্যাপ্ত সুযোগ সুবিধা না থাকায় উক্ত সড়কের ঝুলন্ত তার অপসারণ কাজ বাস্তবায়ন করা সম্ভব হয় নি মর্মে সভাকে অবগত করেন।

উক্ত বিষয়ে Summit Communication Ltd. এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, উক্ত সড়কে Summit Communication Ltd. কর্তৃক Core Connection প্রদান করা সম্ভব হবে। তবে মূল্যের বিষয়ে সামিট কমিউনিকেশনের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা প্রয়োজন।

ফাইবার এট হোম এর প্রতিনিধি সভাকে বলেন, ফাইবার এট হোমের শ্যামলী রিং রোডে কোর কানেকশনের জন্য পর্যাপ্ত সুযোগ সুবিধা রয়েছে তবে গুলশান্ এভিনিউ এর মত হাউজ টু হাউজ কানেকশনের পর্যাপ্ত সুযোগ সুবিধা নেই। মূল্যের বিষয়ে ফাইবার এট হোমের প্রতিনিধি অবহিত করেন যে, গুলশান এভিনিউ সড়কে ISPAB কর্তৃক Capacity গ্রহণ করায় বিগত সভাসমূহের সিদ্ধান্তের প্রেক্ষিতে মহাখালী DOHS এর মূল্য অনুসারে দর নির্ধারন করা হয়। শ্যামলী রিং রোড সড়কে সার্বিক পরিস্থিতে ভিন্ন হওয়ায় এবং অনুকরণীয় কোন Price Model না থাকায় ফাইবার এট হোমের উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত ব্যতিত মূল্যের বিষয়ে অত্র সভায় সিদ্ধান্ত প্রদান সম্ভব হবে না মর্মে সভাকে অবহিত করেন।

বিটিসিএল প্রতিনিধি বলেন, শ্যামলী রিং রোড সড়কে বিটিসিএল এর আংশিক সুবিধা রয়েছে। মূল্যের বিষয়ে তিনি বলেন, তারা সাশ্রয়ী মূল্যে সংযোগ প্রদান করতে পারবে।

ISPAB এর প্রতিনিধি বলেন, অপারেটরগণ বিটিসিএল হতে সাশ্রয়ী মূল্যে আংশিক সংযোগ নিয়ে বাকি অংশ নিজ উদ্যোগে বাস্তবায়ন করে নিতে পারবেন। তিনি আগামী ২৮শে জানুয়ারি, ২০২১ তারিখের ভিতর শ্যামলী রিং রোডটিকে ঝুলন্ত তার মুক্ত করার বিষয়ে মতামত প্রদান করেন।

প্রধান প্রকৌশলী বলেন, ডিএনসিসি'র আওতাধীন এলাকায় জনদুর্ভোগ লাঘবের নিমিত্তে সকল স্টেকহোল্ডারদের সাথে আলোচনার ভিত্তিতে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়। উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন না হওয়া অত্যন্ত দুঃখজনক। ঢাকা নগরীকে সুন্দর করার নিমিত্তে ভবিষ্যতে কর্মপরিকল্পনা যথাযথ অনুসরণের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন এবং ডিএনসিসি উক্ত বিষয়ে আরও কঠরতা অবলম্বর করবেন মর্মে সকলকে স্টেকহোল্ডারদের অবগত করেন। এছাড়াও তিনি বিটিআরসিকে মূল্য নির্ধারণের বিষেয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করেন।

বিটিআরসি'র প্রতিনিধি বলেন, মূল্য নির্ধারনের বিষয়টি অত্যন্ত জটিল হওয়ায় বিটিআরসি কর্তৃক একটি আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত পরামর্শক নিয়োগ হলে কাজটি দ্রুত সম্পন্ন করা সম্ভব হবে।

সভাপতি বলেন, মাননীয় মেয়র মহোদয় ডিএনসিসি'র এলাকার সৌন্দর্যবর্ধণের জন্য বদ্ধপরিকর। উক্ত সৌন্দর্যবর্ধন কাজটি ঝুলন্ত তারের কারণে বাধাগ্রস্থ হচ্ছে যা কোনভাবেই কাম্য নয়। উক্ত সড়কের ঝুলন্ত তার অপসারণ আগামী ২৮শে জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। সভাপতি আরও বলেন, বিটিআরসির বর্তমানে দরসূচী না থাকায় পরামর্শক নিয়োগ করে দরসূচী নির্ধারণ একটি দীর্ঘসময়ের ব্যাপার। সভাপতি বিটিআরসিকে দ্রুত একটি আন্তর্বর্তীকালীন দর নির্ধারণের জন্য অনুরোধ করেন। সভাপতি উক্ত সিদ্ধান্তে সভায় উপস্থিত সকলে সম্মতি প্রদান করেন।

নির্বাহী প্রকৌশলী (টিইসি) বলেন, বিগত ২৭শে ডিসেম্বর ২০২০ তারিখের সভায় উত্তরা ৪ ও ৬ নং সেক্টরের সকল সড়কের ঝুলন্ত তাঁর অপসারণের পরিকল্পনা ৩০শে ডিসেম্বর, ২০২০ তারিখের ভিতর ডিএনসিসিকে অবগত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে সভাকে অবগত করণের নিমিত্তে তিনি অপারেটরগণকে অনুরোদ করেন।

ISPAB এর প্রতিনিধি বলেন, উত্তরা ৪ ও ৬ নং সেক্টরের ঝুলন্ত তার অপসারণের লক্ষ্যে বিটিসিএল এর ব্যবস্থাপনা পরিচালকের সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ইতোমধ্যে উত্তরা ৪ ও ৬ নং সেক্টরের প্রধান সড়কের ঝুলন্ত তার অপসারণ কার্যক্রম চলমান রয়েছে। তবে সম্পূর্ণ এলাকা ঝুলন্ত তারমুক্ত করতে ৩১ শে মার্চ, ২০২১ পর্যন্ত মর্মে সভাকে অবহিত করেন।

সভাপতি বলেন, আগামী ৩১ শে মার্চ ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে উত্তরা ৪ ও ৬ নং সেক্টরের ঝুলন্ত তার অপসারণে করতে হবে। উক্ত বিষয়ে আর ছাড় প্রদান করা হবে না। তিনি আরও বলেন, জনদুর্ভোগের কথা চিন্তা করে ডিএনসিসি অদ্যবধি কোন কঠোর উদ্যোগ গ্রহণ না করলেও ভবিষ্যতের নগরীর কথা চিন্তা করে ডিএনসিসি বিধি মোতাবেক কঠোর কার্যক্রম গ্রহণ করবেন। তিনি সকল স্টেকহোল্ডারদেরকে আবশ্যিকভাবে কর্মপরিকল্পনা অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

সভাপতি অনুমোদনক্রমে নির্বাহী প্রকৌশলী বলেন, বিগত ঝুলন্ত তার অপসারন সংক্রান্ত সভায় ঝুলন্ত তার অপসারণ বিষয়ক একটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তে অগ্রগতির বিষয়ে আলোকপাতের জন্য তিনি স্টেকহোল্ডারদের অনুরোধ করেন।

আলোচনায় অংশ নিয়ে ISPAB এর প্রতিনিধি বলেন, ডিএনসিসি'র আওতাধীন এলাকার ঝুলন্ত তার অপসারণ কার্যক্রম সুষ্ঠভাবে নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করার জন্য একটি কর্মপরিকল্পনা প্রনয়ন কাজ চলমান রয়েছে। উক্ত কর্মপরিকল্পনা আগামী ২০শে জানুয়ারি ২০২১ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে।

প্রধান প্রকৌশলী বলেন, ঝুলন্ত তার অপসারণের অগ্রগতির বিষয়ে প্রতি মাসের ১ এবং ১৫ তারিখ মাননীয় মেয়র মহোদয় সংবাদ সম্মেলনের মাধ্যমে জনগণকে অবহিত করবেন। উক্ত সম্মেলনের পূর্বেই কর্মপরিকল্পনা এবং অগ্রগতি বিষয়ক প্রতিবেদন মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে। উক্ত পরিস্থিতি বিবেচনায় আগামী ১৪ই জানুয়ারি ২০২১ তারিখের পূর্বে কর্মপরিকল্পনা দাখিলের জন্য অনুরোধ করেন। তিনি আরও বলেন, মেয়র মহোদয়ের সভার পূর্বের কার্যদিবসে সকল স্টেকহোল্ডারদের নিয়ে অগ্রগতি বিষয়ক একটি সভা আহ্বান করা যেতে পারে। উক্ত সভা হতে প্রাপ্ত তথ্য উপাত্তসমূহকে পরবর্তীতে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করা যেতে পারে। সভাপতিসহ সভায় উপস্থিত সকলে প্রধান প্রকৌশলীর উক্ত সিদ্ধান্তের প্রতি সম্মতি প্রদান করেন।

বাহন কমিউনিকেশন লিঃ এর প্রতিনিধি বলেন, বিগত সভায় কামাল আতার্তুক সড়ক, মাদানী এভিনিউ সড়ক এবং শ্যামলী রিং রোড সড়কে পর্যাপ্ত ক্রসিং সুবিধা প্রস্তুতের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ISPAB এবং COAB কর্তৃক ১১টি সড়ক ক্রসিং এবং ব্রীজ বরাবর ২টি ক্রসিংসহ সর্বমোট ১৩টি ক্রসিং এর চাহিদা প্রেরণ করা হয়। উক্ত চাহিদা মোতাবেক ক্রসিং সুবিধা প্রদানের জন্য সড়ক খননের প্রয়োজন বিধায় সড়ক খননের আবেদন সংশ্লিষ্ট অঞ্চল-৩ এর অফিস বরাবর দাখিল করা হলেও অনুমোদন পত্র পাওয়া যায় নি। উক্ত অনুমোদন পত্র পাওয়া না গেলে ক্রসিং সুবিধা প্রদান করা সম্ভব হবে না।

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অঞ্চল-৩ এর প্রতিনিধি সভাকে বলেন, বাহন কর্তৃক ১৩টি ক্রসিং এর এইচডিডি পদ্ধতিতে সড়ক খননের জন্য আবেদন করেন। সড়ক খননের অনুমতি প্রদানের পূর্বে One Stop Cell এর সভা করার প্রয়োজন রয়েছে বিধায় উক্ত আবেদনপত্রের প্রেক্ষিতে সড়ক খননের অনুমোদন প্রদান করা সম্ভব হয় নি।

নির্বাহী প্রকৌশলী (টিইসি) বলেন, ঝুলন্ত তার অপসারণ একটি অত্যন্ত জরুরী কাজ এবং কাজটি দ্রুত সম্পন্ন করণের জন্য মাননীয় মেয়র মহোদয়ের নির্দেশণা রয়েছে বিধায় সড়ক খনন নীতিমালার ৪.৪ ক্রমিক অনুসারে সড়ক খননের অনুমতি প্রদান করে পরবর্তীতে One Stop Cell উপস্থাপন করা যায়।

সভাপতি বলেন, ঝুলন্ত তার অপসারণ সংক্রান্তে সড়ক খননের অনুমোদন সড়ক খনন নীতিমালার ৪.৪ ক্রমিক অনুসারে প্রদান করতে হবে।

প্রধান প্রকৌশলী বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীণ প্রগতি সরণী প্রধান সড়ক এবং ইব্রাহীমপুরের বেশ কিছু সড়কে যে কোন একটি স্টেকহোল্ডার কর্তৃক সার্ভিস লাইন স্থাপনের সুযোগ রয়েছে। উক্ত কাজটি বাস্তবায়নে আগ্রহী স্টেকহোল্ডারগণ চাহিদা প্রদান করতে পারেন।

প্রধান প্রকৌশলীর চাহিদার প্রেক্ষিতে বাহন কমিউনিকেশন লিঃ আগামী ১০ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে প্রগতি সরণীতে এবং ISPAB কর্তৃক ১০ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে ইব্রাহীমপুর এলাকাধীন ৮ কি.মি. সড়কে ক্যাবল স্থাপন কাজ শুরুর বিষয়ে সম্মতি জানানো হলে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রগতি সরনীতে বাহন কমিউনিকেশন লিঃ এবং ইব্রাহীমপুর এলাকাধীন ৮কি.মি. সড়কে ISPAB কর্তৃক ক্যাবল লাইন স্থাপনের বিষয়ে অনুমোদন প্রদান করা হয়।

প্রধান প্রকৌশলী বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন বেশ কিছু সড়কে সড়ক খননসহ উন্নয়ণ কাজ চলমান রয়েছে। উক্ত কাজসমূহ Google Map এ চিহ্নিত করে উপস্থাপন করা হলে স্টেকহোল্ডারগণের ক্যাবল স্থাপনের বিষয়ে সুবিধা হবে। পরবর্তী সভায় উক্ত কাজসমূহ চিহ্নিত করতঃ প্রস্তুতকৃত Google Map সকলের সামনে উপস্থাপনের জন্য তিনি সহকারী প্রকৌশলী অঞ্চল-৩ কে অনুরোধ করেন।

সভাপতি প্রধান প্রকৌশলীর উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেন এবং আগামী ১৪ জানুয়ারি ২০২১ তারিখে আলোচ্য সভার অগ্রগতি বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হবে মর্মে জানান। উক্ত সভায় সকলকে পুনরায় উপস্থিত হওয়ার জন্য সভাপতি অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | আগামী ২৮শে জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে শ্যামলী রিং রোডের উভয় পার্শ্বের ঝুলন্ত তার মাটির নিচে স্থানান্তর করতে হবে। | বিটিসিএল<br>কোয়াব<br>আইএসপিএবি<br>সামিট কমিউনিকেশন লিঃ<br>ফাইবার এট হোম<br>বাহন লিঃ |
| ২. | বিটিআরসি কর্তৃক ইন্টারনেট এবং ক্যাবল অপারেটরদের সংযোগ সংক্রান্ত একটি অন্তবর্তকালীন দর তালিকা নির্ধারণে উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিটিআরসি |
| ৩. | আগামী ৩১শে মার্চ ২০২১ তারিখের মধ্যে উত্তরা ৪ ও ৬ নং সেক্টরের সকল সড়কে বিদ্যমান ঝুলন্ত তার আবশ্যিকভাবে অপসারণ করতে হবে। | বিটিসিএল<br>কোয়াব<br>আইএসপিএবি<br>সামিট কমিউনিকেশন লিঃ<br>ফাইবার এট হোম<br>বাহন লিঃ |
| ৪. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ঝুলন্ত তার অপসারণ সংক্রান্ত কর্মপরিকল্পনা আগামী ১৪ই জানুয়ারি, ২০২১ তারিখে উপস্থাপন করতে হবে। | কোয়াব<br>আইএসপিএবি |
| ৫. | প্রতি মাসের ১৪ এবং ৩০ তারিখ (উক্ত তারিখে সরকারী ছুটি থাকলে তার পূর্ববর্তী কর্মদিবসে) ঝুলন্ত তার অপসারণের অগ্রগতির বিষয়ে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় তথ্য উপাত্তসহ সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকতে থাকবে। | বিটিসিএল<br>কোয়াব<br>আইএসপিএবি<br>সামিট কমিউনিকেশন লিঃ<br>ফাইবার এট হোম<br>বাহন লিঃ |
| ৬. | ঝুলন্ত তার অপসারণ সংক্রান্তে সড়ক খননের অনুমোদন সড়ক খনন নীতিমালার ৪.৪ ক্রমিক অনুসারে দ্রুত প্রদান করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল) |
| ৭. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন প্রগতি স্মরণী প্রধান সড়কে ক্যাবল স্থাপন কাজ বাহন লিঃ কর্তৃক দ্রুত সম্পন্ন করতে হবে। | বাহন লিঃ |
| ৮. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ইব্রাহীমপুর এলাকাধীন ৮ কি. মি. সড়কে ক্যাবল স্থাপন কাজ আইএসপিএবি কর্তৃক দ্রুত সম্পন্ন করতে হবে। | আইএসপিএবি |
| ৯. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন যে সকল সড়কে সড়ক খনন এবং উন্নয়ণ কাজ চলমান রয়েছে সে সকল সড়ক Google Map এ চিহ্নিত করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সহকারী প্রকৌশলী, অঞ্চল-৩ |
| ১০. | আগামী ১৪/০১/২০২১ইং তারিখে অত্র সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে পুনরায় সভা অনুষ্ঠিত হবে। | ট্রাফিক ইঞ্জিনিয়ারিং সার্কেল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করেন।

10/01/2021

মোঃ সেলিম রেজা
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন